দৈনিক সংবাদ

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

তারিখ 06 FEB 1989
পৃষ্ঠা 5 কলাম 3

৩।

# হোমিওপ্যাথিক মেডিক্যাল কলেজের ৮০জন ছাত্র পরীক্ষা দিতে পারেনি

পটুয়াখালী, ৪ঠা ফেব্রুয়ারী (নিজস্ব সংবাদদাতা)।—সংশ্লিষ্ট বোর্ডের অনুমতি না পাওয়ায় পটুয়াখালী হোমিওপ্যাথিক মেডিকাল কলেজের ৮০ জন ছাত্র-ছাত্রী এবার চূড়ান্ত পরীক্ষায় অংশ নিতে পারেনি। গত ১৯শে জানুয়ারী থেকে এই পরীক্ষা অনুষ্ঠিত হয়। বিভিন্ন জটিলতার অজুহাতে হোমিও বোর্ড কর্তৃপক্ষ দেশের ১৬টি প্রস্তাবিত হোমিও মেডিকাল কলেজের ছাত্রছাত্রীদের পরীক্ষার ক্ষেত্রে যে অবস্থার সৃষ্টি হয়েছে এর মধ্যে পটুয়াখালী হোমিও কলেজের ছাত্রছাত্রীরাও রয়েছে।

পটুয়াখালী হোমিওপ্যাথিক মেডিকাল কলেজের ছাত্র ঐক্য পরিষদ বোর্ড কর্তৃপক্ষের এই সিদ্ধান্তের প্রতিবাদে গত ১৮ই জানুয়ারী শহরে একটি বিক্ষোভ মিছিল বের করে। পরে কলেজ চত্বরে একটি সমাবেশ অনুষ্ঠিত হয়। এতে সভাপতিত্ব করেন ছাত্র ঐক্য পরিষদের সভাপতি চিত্তরঞ্জন পাল। সভায় নির্ধারিত তারিখের ঐ পরীক্ষা স্থগিত রেখে অনুমোদন সাপেক্ষ প্রস্তাবিত ঐ ১৬টি কলেজের পরীক্ষাও এক সাথে নেয়ার দাবী জানানো হয়।